ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৫৬৪
কাঞ্চনপুর, ৪ নভেম্বর, ২০২৫

**লংঙ্গাই নদীর দু’টি স্থানে ১ লক্ষ ৯ হাজার মাছের পোনা ছাড়া হয়েছে**

পানিসাগর মৎস্য কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি দামছড়া ব্লকের লংঙ্গাই নদীতে দামছড়া ও খেদাছড়া দু’টি স্থানে বিভিন্ন জাতের ১ লক্ষ ৯ হাজার মাছের পোনা ছাড়া হয়েছে। উপস্থিত ছিলেন দামছড়া ব্লকের বিএসি’র চেয়ারম্যান উপেন্দ্র রিয়াং, বিএসি’র ভাইস চেয়ারম্যান দুসান্ত রিয়াং, পানিসাগর মহকুমার মৎস্য তত্ত্বাবধায়ক কামাল হুসেন, দামছড়া ব্লকের মৎস্য কার্যালয়ের ইনচার্জ ধনঞ্জয় রিয়াং, এলাকার বিশিষ্ট সমাজ সেবী রামনি রিয়াং, রাজেশ সিনহা। তাছাড়াও বিভিন্ন এনজিও’র কর্মকর্তাগণ। দামছড়া মৎস্য কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****